গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৪২২

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৬
১৬ অক্টোবর ২০১৯

বিষয়: **দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯-এর গাইড লাইন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা ও 'বিজয় ফুল উৎসব' আয়োজনের সাথে অন্যান্য প্রতিযোগিতা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৮ সাল থেকে আয়োজন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে জাতীয় ফুল শাপলা ফুল তৈরি ও উপস্থাপনের মাধ্যমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। **বিজয় ফুল প্রতিযোগিতাটি প্রতিবছর নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের সরাসরি তত্ত্বাবধানে বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সম্প্রতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।** ২০১৮ সালের ন্যায় এবছরও স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্য থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন করা হবে।

| প্রতিযোগিতার বিষয় (মুক্তিযুদ্ধ ভিত্তিক) | |
|---|---|
| একক | দলগত |
| ১. বিজয় ফুল তৈরি, ২. গল্প রচনা, ৩. কবিতা রচনা, ৪. কবিতা আবৃত্তি, ৫. চিত্রাঙ্কন, ৬. একক অভিনয় ৭. চলচ্চিত্র নির্মাণ | ১. দেশাত্মবোধক সংগীত ২. জাতীয় সংগীত |

* একক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব জাতীয় পর্যায়ে এবং দলগত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব বিভাগীয় পর্যায়ে সম্পন্ন হবে
** চলচ্চিত্র নির্মাণ শুধুমাত্র নবম থেকে দ্বাদশ শ্রেণির জন্য প্রযোজ্য

০২। প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/মাঠ-পর্যায়ের অফিসসমূহ কর্তৃক অনুসরণীয় বিষয়াবলি:

(ক) শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ২৮ অক্টোবর, উপজেলা/মহানগর পর্যায়ে ৩১ অক্টোবর, জেলা পর্যায়ে ০২ নভেম্বর, বিভাগীয় পর্যায়ে ০৯ নভেম্বর ২০১৯-এর মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। **জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে;**

(খ) প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। গ্রুপ-ক: শিশু থেকে পঞ্চম শ্রেণি; গ্রুপ-খ: ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি এবং গ্রুপ-গ: নবম থেকে দ্বাদশ শ্রেণি। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;

(গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে;

(ঘ) তথ্য মন্ত্রণালয় 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;

(ঙ) সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অধীনস্থ স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২,০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে এবং মহানগরের শিক্ষা প্রতিষ্ঠানে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে জেলা প্রশাসকের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করবে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত অর্থ পুনর্বরাদ্দ করবেন। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে;

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ/অর্থ বিভাগ উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে উপজেলা ও মহানগর পর্যায়ে ৫,০০০/- (পাঁচ হাজার), জেলা পর্যায়ে ৬,০০০/-(ছয় হাজার) ও বিভাগীয় পর্যায়ে ৭,০০০/ (সাত হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করবে; মহানগর কমিটির বরাদ্দ জেলা প্রশাসকের অনুকূলে প্রদান করতে হবে;

(ছ) জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে।

(জ) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা
১. প্রাথমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;

২. শিক্ষার্থীগণ নিজ নিজ গ্রুপে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে এককভাবে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;

৩. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ২৮ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে দিনব্যাপী এ প্রতিযোগিতার আয়োজন করবে। এ প্রতিযোগিতার পাশাপাশি স্কুল/মাদ্রাসা পর্যায়ে গ্রুপভিত্তিক গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতা অনুষ্ঠানের দিন অভিভাবকসহ মুক্তিযোদ্ধা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও পেশাজীবীদের আমন্ত্রণ জানানো হবে;

৪. 'বিজয় ফুল' প্রতিযোগিতার একটি স্লটে (১ ঘন্টা) ছাত্র-ছাত্রীরা শ্রেণিভিত্তিক ব্যক্তিগতভাবে এক বা একাধিক শাপলা ফুল তৈরি করবে। ফুলের উল্টো পিঠে নাম, শ্রেণি, রোল নম্বর ও বিদ্যালয়ের নাম লিখতে হবে। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীর ফুল নিয়ে গ্রুপভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। গ্রুপভিত্তিক প্রতিযোগিতায়ও ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল নির্মাতাকে পুরস্কার প্রদান করা হবে;

৫. শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগিতায় গ্রুপভিত্তিক ১ম স্থান অধিকারীগণ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;

৬. শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের প্রতিযোগিতার ন্যায় উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল প্রস্তুতকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় প্রস্তুতকৃত শাপলা ফুলসমূহ ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত প্রতিটি শ্রেণিকক্ষের সামনে সাজিয়ে রাখা হবে;

৭. প্রস্তুতকৃত শাপলা ফুলের পাঁপড়ি হবে সাতটি। সবুজ জমিনে সাদা রং-এর ম্যাটেরিয়ালে এ ফুল তৈরি করতে হবে। ফুলের দৈর্ঘ্য হবে ছয় সেন্টিমিটার। আনুপাতিকভাবে প্রস্থ নির্ধারিত হবে;

৮. কাগজ, কাপড়, প্লাস্টিক শিটসহ অন্য যে কোনো সামগ্রী ব্যবহার করে এ ফুল তৈরি করা যাবে;

৯. বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ফুলসমূহ পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংরক্ষিত থাকবে। অন্যান্য ফুল বিক্রি হতে পারে;

১০. ফুল বিক্রি থেকে প্রাপ্ত অর্থ অস্বচ্ছল মুক্তিযোদ্ধা এবং বিশেষ শিশুদের কল্যাণে ব্যবহার করা হবে; ও

১১. দলগত প্রতিযোগিতায় একটি দলে সর্বোচ্চ ০৬ (ছয়) জন শিক্ষার্থী থাকতে পারে।

(ঝ) **মুক্তিযুদ্ধভিত্তিক গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয় এবং চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা**

১. বিজয় ফুল তৈরির প্রতিযোগিতার ন্যায় গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, একক অভিনয় ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপজেলা, মহানগর, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে; ও

২. ৩ গ্রুপের নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি রচনা, ৩০টি কবিতা ও ১৫টি গল্পের সমন্বয়ে 'বিজয় ফুল' শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) এ গ্রন্থ প্রকাশ করবে।

(ঞ) চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা

১. নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধের চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতার আয়োজন করা হবে;

২. পেশাদার/অপেশাদার ক্যামেরা, মোবাইল ফোনসহ যে কোনো ডিভাইস/ফরম্যাটে এই চলচ্চিত্র নির্মিত হতে পারে;

৩. চলচ্চিত্রের বিষয়বস্তু হবে মহান মুক্তিযুদ্ধ ভিত্তিক;

৪. চলচ্চিত্রের দৈর্ঘ্য হবে সর্বনিম্ন এক মিনিট থেকে সর্বোচ্চ তিন মিনিট;

৫. প্রাথমিকভাবে জেলা পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;

৬. ১৫ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ই-মেইলে চলচ্চিত্র জমা দিতে হবে। নির্মিত চলচ্চিত্র পেনড্রাইভ বা ডিভিডি ফরম্যাটেও জমা দেওয়া যাবে;

৭. ২৫ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে জেলা পর্যায় থেকে বাছাইকৃত শ্রেষ্ঠ চলচ্চিত্র সরাসরি জাতীয় কমিটি কর্তৃক নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। জাতীয় কমিটি ই-মেইল নির্ধারণপূর্বক জেলা প্রশাসকগণকে অবহিত করবে। চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে না; ও

৮. তথ্য মন্ত্রণালয় জাতীয় প্রতিযোগিতায় বাছাইকৃত চলচ্চিত্রসমূহ ০১-৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য টেলিভিশনে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

(ট) পুরস্কার

প্রতিযোগিতার প্রতিটি পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে তাদের প্রতিভার স্বীকৃতি হিসাবে প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা/থানা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র দেওয়া যেতে পারে। তবে, প্রতিটি ইভেন্টের গ্রুপভিত্তিক (ক, খ ও গ গ্রুপ) প্রতিযোগিতার ১ম স্থান অধিকারীকে প্রাইজ বন্ড এবং প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র প্রদান করা যেতে পারে।

(ঠ) বিজয় ফুল উৎসব

'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা অনুষ্ঠানের পাশাপাশি ০১-১৬ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা, মহানগর, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে 'বিজয় ফুল উৎসব'-এর আয়োজন করা হবে। এ উৎসবে শিক্ষার্থীরা ফুল তৈরি, বিতরণ ও বিক্রয় করবে।

(ঙ) 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্ম

এটুআই প্রকল্প কর্তৃক 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। শিক্ষার্থীগণ এ প্লাটফর্মে যোগ দিয়ে ভার্চুয়াল 'বিজয় ফুল' এবং 'ফুলবন্ধু' গ্রুপ তৈরি করবে।

(চ) উৎসব সংগীত ও অন্যান্য সহায়ক কার্যক্রম

১. এটুআই কর্তৃপক্ষ বিজয় ফুল উৎসব/বিজয় ফুল প্রতিযোগিতা উপলক্ষ্যে তৈরি করা থিম সং ব্যবহার করে ৩০-৪০ সেকেন্ড ব্যাপ্তির একটি অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট তৈরি করবে। প্রস্তুতকৃত অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট এটুআই কর্তৃপক্ষ ২০ অক্টোবরের মধ্যে মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, সোশ্যাল মিডিয়ায় আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য কপি সরবরাহ করবে;

২. তথ্য মন্ত্রণালয় প্রস্তুতকৃত অডিও-ভিজুয়াল/অডিও কনটেন্ট সরকারি এবং বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে প্রচারের ব্যবস্থা করবে;

৩. বাংলাদেশ টেলিভিশন শিল্পকলা একাডেমি'র সহায়তায় বিজয় ফুল নির্মাণ প্রক্রিয়া/কৌশল সম্পর্কিত ভিডিও ক্লিপ তৈরি করবে। তথ্য মন্ত্রণালয় বিটিভিসহ অন্যান্য চ্যানেলে উক্ত ভিডিও ক্লিপ প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় আপলোড করবে;

৪. 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার করতে হবে;

৫. জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত মহান বিজয় দিবসের সমাবেশস্থল সাজ-সজ্জার ক্ষেত্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত বিজয় ফুল ব্যবহার করা হবে;

৬. মহান বিজয় দিবসে জাতীয় এবং স্থানীয় পর্যায়ে আয়োজিত শিশু-কিশোর সমাবেশে অংশগ্রহণকারীগণ তাদের ইউনিফর্ম/পোশাকে বিজয় ফুল পরিধান করবেন;

৭. দেশব্যাপী সকল পর্যায়ের ছাত্র-ছাত্রী, যুবসহ নাগরিকবৃন্দকে ১-১৬ ডিসেম্বর ছোট আকারের শাপলা ফুল/কোট পিন বুকে পরিধান করার জন্য আহ্বান জানাতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

৮. ব্যক্তি/প্রাতিষ্ঠানিক উদ্যোগেও বিজয় ফুল/কোট পিন বানিয়ে বুকে পরিধানের জন্য বিক্রি করা যেতে পারে; ও

৯. প্রতিযোগিতার বাইরে ছাত্র-ছাত্রীবৃন্দ বিজয় ফুল/কোট পিন বানিয়ে বিক্রি করে তহবিল গঠন করতে পারবেন।

০৩। কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সার্বিক সমন্বয়, জাতীয়, বিভাগীয়, জেলা, মহানগর ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হয়েছে:

(ক) সার্বিক সমন্বয় কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | | — সভাপতি |
| ২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | — সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | — সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | — সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | | — সদস্য |
| ৬. | বিভাগীয় কমিশনার, ঢাকা | | — সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | | — সদস্য |
| ৮. | প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়), প্রধানমন্ত্রীর কার্যালয় | | — সদস্য |
| ৯. | প্রতিনিধি, অর্থ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় (৯–১৯) | — সদস্য |
| ১০. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | | — সদস্য |
| ১১. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | | — সদস্য |
| ১২. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | — সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | | — সদস্য |
| ১৪. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | | — সদস্য |
| ১৫. | প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | — সদস্য |
| ১৬. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | | — সদস্য |
| ১৭. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | | — সদস্য |
| ১৮. | প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | — সদস্য |
| ১৯. | প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | | — সদস্য |
| ২০. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | | — সদস্য |
| ২১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | | — সদস্য |
| ২২. | উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | | — সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জাতীয়, বিভাগীয়, জেলা, মহানগর ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়;

(খ) জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান; ও

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**(খ) কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – আহ্বায়ক |
| ২. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | – সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | – সদস্য |
| ৪. | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিম্নে নয়) | | – সদস্য |
| ৫. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ৬. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ৭. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ৮. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ৯. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১০. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১১. | প্রতিনিধি, অর্থ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১২. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১৪. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১৫. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | | – সদস্য |
| ১৬. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | | – সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জাতীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন; ও

(খ) **কমিটি প্রয়োজন নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(গ) বিভাগীয় কমিটি

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | – আহ্বায়ক |
| ২. | ডিআইজি | – সদস্য |
| ৩. | বিভাগীয় সদরে অবস্থিত সরকারি কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট বিভাগের সকল জেলা প্রশাসক | – সদস্য |
| ৫. | উপপরিচালক, তথ্য অধিদপ্তর | – সদস্য |
| ৬. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | – সদস্য |
| ৭. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | – সদস্য |
| ৮. | জেলা কালচারাল অফিসার | – সদস্য |
| ৯. | বিভাগীয় সদরের জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – সদস্য |
| ১০. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | – সদস্য |
| ১১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | – সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) বিভাগীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন;

(খ) জেলা, মহানগর ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান; ও

(গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) জেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | – | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | – | সদস্য |
| ৩. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৪. | জেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৬. | সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | – | সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৮. | সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ৯. | জেলা তথ্য কর্মকর্তা | – | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ১১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন;
(খ) উপজেলা/মহানগর কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান; ও
(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(ঙ) মহানগর কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | আহ্বায়ক |
| ২. | সংশ্লিষ্ট থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৩. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:
(ক) মহানগরের থানা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়; ও
(খ) **কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(চ) উপজেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | – | আহ্বায়ক |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৪. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | – | সদস্য |
| ৬. | মাদ্রাসা/প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি | – | সদস্য |
| ৭. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৮. | সহকারী কমিশনার (ভূমি) *[সহকারী কমিশনার (ভূমি)-এর পদ শূন্য থাকলে উপজেলা শিক্ষা অফিসার সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন]* | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন; ও
(খ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২৬।১০।১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/জননিরাপত্তা বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়;
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/চলচ্চিত্র ও প্রকাশনা/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
৫. বিভাগীয় কমিশনার (সকল);
৬. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি;
৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প;
৮. জেলা প্রশাসক (সকল);
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১০. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি;
১১. জনাব মনিরুজ্জামান, চারুশিল্পী, প্রাক্তন পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
১২. জনাব খায়রুল আনাম শাকিল, বিশিষ্ট সংগীত শিল্পী; ও
১৩. মিজ্ পূরবী মতিন, কনসালট্যান্ট, এটুআই।

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৩. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৪. যুগ্মসচিব, বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ; ও
০৫. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ১ম সভার

কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মুজিবুর রহমান এনডিসি<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৬ অক্টোবর ২০১৯, সকাল ০৯:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট - 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা ও 'বিজয় ফুল উৎসব' আয়োজনের সাথে অন্যান্য প্রতিযোগিতা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৮ সাল থেকে আয়োজন করা হচ্ছে। **বিজয় ফুল প্রতিযোগিতাটি প্রতিবছর নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের সরাসরি তত্ত্বাবধানে বাস্তবায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সম্প্রতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।** ২০১৮ সালের ন্যায় এবছরও স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অতঃপর সদস্য-সচিব কর্তৃক সভায় কার্যপত্র উপস্থাপন করা হয়। সভাপতি কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের মতামত আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান:**<br>উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে কর্মসূচির প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ০২. | কর্মসূচির ব্যাপক প্রচার:<br>তথ্য মন্ত্রণালয় কর্তৃক 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য মন্ত্রণালয় আগামী ২০ অক্টোবর ২০১৯ থেকে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি ইলেকট্রনিক মিডিয়াসহ বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয় |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩. | **শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অর্থ বরাদ্দ:** সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অধীনস্ত স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২,০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে দ্রুত অর্থ বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে ২,০০০/- (দুই হাজার) টাকা বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৪. | **মহানগর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অর্থ বরাদ্দ:** সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে মহানগরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে মহানগরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ প্রদান করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৫. | **বিভাগীয়, জেলা, মহানগর ও উপজেলা কমিটিকে অর্থ বরাদ্দ:** উপজেলা (৪৯৩টি), মহানগর (৪৬টি ইউনিট), জেলা (৬৪টি) ও বিভাগীয় (৮টি) পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে অর্থ বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা ও মহানগর পর্যায়ে ৫,০০০/- (পাঁচ হাজার), জেলা পর্যায়ে ৬,০০০/- (ছয় হাজার) এবং বিভাগীয় পর্যায়ে ৭,০০০/- (সাত হাজার) টাকা বরাদ্দের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, মহানগর ও জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারের অনুকূলে অর্থ বরাদ্দ দিতে হবে। | অর্থ বিভাগ/মন্ত্রিপরিষদ বিভাগ |
| ০৬. | **প্রবাসে বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিযোগিতার আয়োজন:** প্রবাসে স্থাপিত বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতার আয়োজন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত প্রতিষ্ঠানসমূহ তাদের সুবিধা অনুযায়ী আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রতিযোগিতার আয়োজন করতে পারে মর্মে সভায় সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | প্রবাসে বাংলাদেশীদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ০৭. | **জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে অর্থ বরাদ্দ:** জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য চাহিদা নির্ধারণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে। অর্থ বিভাগ সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি/অর্থ বিভাগ |
| ০৮. | **ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্ম তৈরি:** এটুআই 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মে কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং শিক্ষার্থীগণ এ প্লাটফর্মে যোগ দিয়ে ভার্চুয়াল 'বিজয় ফুল' এবং 'ফুলবন্ধু' গ্রুপ তৈরি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ব্যাপক প্রচারণার মাধ্যমে এটুআই 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মে কুইজ প্রতিযোগিতার আয়োজন করবে। শিক্ষার্থীগণ এ প্লাটফর্মে যোগ দিয়ে ভার্চুয়াল 'বিজয় ফুল' এবং 'ফুলবন্ধু' গ্রুপ তৈরি করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ |
| ০৯. | **থিম সং ব্যবহার করে অডিও-ভিজুয়াল কনটেন্ট তৈরি** এটুআই কর্তৃক বিজয় ফুল উৎসব/বিজয় ফুল প্রতিযোগিতা উপলক্ষ্যে তৈরি করা থিম সং ব্যবহার করে ৩০-৪০ সেকেন্ড ব্যাপ্তির একটি অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট তৈরি এবং প্রস্তুতকৃত অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট এটুআই কর্তৃক মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, সোশ্যাল মিডিয়ায় আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য কপি সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এটুআই কর্তৃক বিজয় ফুল উৎসব/বিজয় ফুল প্রতিযোগিতা উপলক্ষ্যে তৈরি করা থিম সং ব্যবহার করে ৩০-৪০ সেকেন্ড ব্যাপ্তির একটি অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট তৈরি করবে। প্রস্তুতকৃত অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট এটুআই কর্তৃক আগামী ২০ অক্টোবরের মধ্যে মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, সোশ্যাল মিডিয়ায় আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য কপি সরবরাহ করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ |
| ১০. | **অডিও-ভিজুয়াল কনটেন্ট প্রচার:** এটুআই কর্তৃক প্রস্তুতকৃত অডিও-ভিজুয়াল কনটেন্ট তথ্য মন্ত্রণালয় কর্তৃক সরকারি ও বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে প্রচার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এটুআই কর্তৃক প্রস্তুতকৃত অডিও-ভিজুয়াল কনটেন্ট তথ্য মন্ত্রণালয় সরকারি ও বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয় |
| ১১. | **বিজয় ফুল নির্মাণ কৌশল:** বাংলাদেশ টেলিভিশন শিল্পকলা একাডেমি'র সহায়তায় বিজয় ফুল নির্মাণ প্রক্রিয়া/কৌশল সম্পর্কিত তৈরিকৃত ভিডিও ক্লিপ বিটিভিসহ অন্যান্য চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় | বিজয় ফুল নির্মাণ প্রক্রিয়া/কৌশল সম্পর্কিত ভিডিও ক্লিপ তৈরি করে আগামী ২০ অক্টোবর থেকে বিটিভি'তে প্রচার করতে হবে। এছাড়া, তথ্য | তথ্য মন্ত্রণালয়/বাংলাদেশ টেলিভিশন/ শিল্পকলা একাডেমি |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মন্ত্রণালয় অন্যান্য টিভি চ্যানেলেও উক্ত ভিডিও ক্লিপ প্রচারের ব্যবস্থা গ্রহণসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ১২. | **বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে প্রচার:**<br>'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের ব্যবস্থা করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/এটুআই |
| ১৩. | **বিজয় ফুলের পাপড়ির সংখ্যা:**<br>বিজয় ফুলের পাপড়ির সংখ্যা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জাতীয় ফুল শাপলাকে বিজয়ফুলের প্রতীক বিবেচনা করে বিজয়ফুল তৈরি করা হবে। বিজয় ফুলে ছয়টি পাপড়ি থাকবে যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছয় দফাকে স্মরণ করাবে। বিজয় ফুলের মাঝে একটি কলি থাকবে যা পাপড়ির সঙ্গে যুক্ত হয়ে (৬+১=৭) তাঁর সাত মার্চের ভাষণকেও স্মরণ করাবে। | জাতীয় ফুল শাপলাকে বিজয়ফুলের প্রতীক বিবেচনা করে বিজয়ফুল তৈরি করতে হবে। বিজয় ফুলে ছয়টি পাপড়ি থাকবে যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছয় দফাকে স্মরণ করাবে। বিজয় ফুলের মাঝে একটি কলি থাকবে যা পাপড়ির সঙ্গে যুক্ত হয়ে (৬+১=৭) তাঁর সাত মার্চের ভাষণকেও স্মরণ করাবে। | বাংলাদেশ টেলিভিশন/শিল্পকলা একাডেমি |
| ১৪. | **প্রতিযোগিতার তারিখ নির্ধারণ:**<br>শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা/মহানগর পর্যায়ে, জেলা পর্যায়ে, বিভাগীয় পর্যায়ে ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার তারিখ নির্ধারণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে তারিখ নির্ধারণের বিষয়ে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ২৮ অক্টোবর, উপজেলা/মহানগর পর্যায়ে ৩১ অক্টোবর, জেলা পর্যায়ে ০২ নভেম্বর, বিভাগীয় পর্যায়ে ০৯ নভেম্বর ২০১৯-এর মধ্যে প্রতিযোগিতার আয়োজন করতে হবে।<br>জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৫. | বিবিধ:<br>(ক) সভা অবহিত হয় যে ২০১৮ সালের বিজয় ফুল প্রতিযোগিতার জাতীয় পর্যায়ের চূড়ান্ত ফলাফল প্রস্তুত করা হয়েছে। এছাড়া, 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতার চূড়ান্ত ফলাফলও প্রস্তুত। কিন্তু এখনও পুরস্কার বিতরণ করা হয়নি। জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতার ফলাফল পত্রিকায় প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ২০১৮ সালের বিজয় ফুল উৎসবের জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতার ফলাফল এবং 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতার ফলাফলও পত্রিকায় প্রকাশ করতে হবে। | (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/এটুআই |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) এখন থেকে প্রতিবছর নিয়মিতভাবে বিজয় ফুল প্রতিযোগিতার আয়োজন করা হবে বিধায় নভেম্বর-ডিসেম্বর মাসের পরীক্ষা যাতে বাধাগ্রস্ত না হয় সে আলোকে আরও আগে প্রস্তুতিমূলক কাজ শুরু করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (খ) সুষ্ঠুভাবে প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে আগামী বছর থেকে জুন মাসের পরই প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | (খ) মন্ত্রিপরিষদ বিভাগ |
| | (গ) আগামী বছর অর্থাৎ ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপিত হবে। সে পরিপ্রেক্ষিতে 'মুজিববর্ষ'-এর সঙ্গে সামঞ্জস্য রেখে আগামী বছরের বিজয় ফুল প্রতিযোগিতার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | (গ) 'মুজিববর্ষ'-এর সঙ্গে সামঞ্জস্য রেখে আগামী বছরের বিজয় ফুল প্রতিযোগিতার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (গ) জেলা প্রশাসক (সকল) |

০২। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.৯.১৯

(শেখ মুজিবুর রহমান এনডিসি)
সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

## বিজয় ফুল প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ১ম সভায়

## উপস্থিত কর্মকর্তাবৃন্দ

তারিখ: ১৬.১০.২০১৯

| ক্রম | নাম, পদবি ও দাপ্তরিক ঠিকানা | ফোন/মোবাইল | ই-মেইল (In Capital Letter) | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোহাম্মদ জয়নুল বারী<br>বিভাগীয় কমিশনার, ঢাকা | | divcomdhaka@mopa.com | [signature] |
| ২. | মো. আব্দুল মান্নান<br>অতিরিক্ত মহাপরিচালক<br>[illegible] | 01712192590 | mannan.74@gmail.com | [signature] |
| ৩. | মোঃ সাইফুল হাসান বাদল<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>বিটিভি, | 01711490720 | saifulbadal11@gmail.com | [signature] |
| ৪. | ড. মোঃ জাহাঙ্গীর আলম<br>যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | 01712362882 | jahangir_5658@yahoo.com | [signature] |
| ৫. | মোঃ ফজলুল কবির<br>যুগ্মসচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01718724126 | f.kabir1964@gmail.com | [signature] |
| ৬. | সালাহউদ্দিন আহমেদ<br>উপ-মহাপরিচালক<br>বাংলাদেশ বেতার | 01754777543 | salahuddinctg@yahoo.com | [signature] 16.10.19. |
| ৭. | মো: বদরুল আনাম ভূঁইয়া<br>অতি: সচিব<br>শিল্পকলা একাডেমী | 01715090609 | badrulanamb@yahoo.com | [signature] ১৬/১০/১৯ |
| ৮. | আনজীর লিটন<br>পরিচালক<br>বাংলাদেশ শিশু একাডেমি | 01914088093 | anjirlitonbd@gmail.com | [signature] ১৬/১০/১৯ |
| ৯. | মোঃ মনিরুজ্জামান<br>চিত্র শিল্পী<br>সাবেক পরিচালক বা: শি: এ: | 01715026980 | gallerychitrak2000@gmail.com | [signature] |
| ১০. | নমেরী জামান<br>উপসচিব<br>স্থানীয় সরকার বিভাগ | 01846520264 | numerizaman@yahoo.com | [signature] ১৬.১০.১৯ |
| ১১. | এবিএম মাহবুব হোসেন<br>উপসচিব, শিল্প মন্ত্রণালয় | 0175A19881 | hmahbub7194@yahoo.com | [signature] ১৬/১০/১৯ |
| ১২. | মোহাম্মদ সাজেদুল ইসলাম<br>উপসচিব<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক | 01727380274 | sajedul1560@gmail.com | [signature] ১৬/১০/১৯ |
| ১৩. | মো: ইব্রাহিম খলিল<br>উপ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | 01778380051 | mosetraining section@gmail.com | [signature] |

| ক্রম | নাম, পদবি ও দাপ্তরিক ঠিকানা | ফোন/মোবাইল | ই-মেইল (In Capital Letter) | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৪. | মো: সিয়াউল ইসলাম এডু অ্যাট | 01671506953 | shofat28@gmail.com | |
| ১৫. | মো: হুমায়ন কবীর সহকারী সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | 01817114653 | mhkripon@gmail.com | |
| ১৬. | সুলেখা রানী বসু যুগ্মসচিব, অর্থ বিভাগ | 01790201773 | sulekhabasu8@gmail.com | |
| ১৭. | মো: ফয়জুর রহমান ফারুকী J.S. MOCA | ০১৯১১৭৪৮৮০৮০ | faizurfaruqui63@yahoo.com | ২৭/১০/১৯ |
| ১৮. | মো: জাহিরুল আলম উপ পরিচালক (প্রশিক্ষণ) মাউশি | 01717285829 | zahirulalam72@yahoo.com | ১৬.১০.১৯ |
| ১৯. | পূরবী মতিন ম্যানেজার, সিস্টেম ডেভেলপমেন্ট মিডিয়া, a2i | 01819226281 | purabi.matin@a2i.gov.bd | |
| ২০. | সেলিনা পারভেজ যুগ্মসচিব ICT Division | 01716731208 | salina.pervez@ictd.gov.bd | |
| ২১. | ড. মো: মুশফিকুর রহমান যুগ্মসচিব শিল্প মন্ত্রণালয় | 01711972330 | mrahman5991@gmail.com | |
| ২২. | মো: মোজাম্মেল হোসেন অতিরিক্ত সচিব প্রধানমন্ত্রীর কার্যালয় | ০১৭১২৮৫৬৮০৯ | shofin28@yahoo.com | |
| ২৩. | মো: মাহবুব আলম অতি: সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | 01732457896 | agk5567@yahoo.com | ১৬.১০.১৯ |
| ২৪. | মোহাম্মদ আলাউদ্দিন সহকারী প্রোগ্রামার-১ প্রধানমন্ত্রীর কার্যালয় | ০১৭১১৬৬২০৬৪ | — | ১৬/১০/১৯ |
| ২৫. | খায়রুল আনাম (শাকিল) | 01819-215204 | Khairulanamshakil@yahoo.com | ১৬/১০/১৯ |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৪৯৩

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৬ / ১৬ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/জননিরাপত্তা বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়;
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/চলচ্চিত্র ও প্রকাশনা/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
৫. বিভাগীয় কমিশনার (সকল);
৬. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি;
৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প;
৮. জেলা প্রশাসক (সকল);
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১০. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি;
১১. জনাব মনিরুজ্জামান, চারুশিল্পী, প্রাক্তন পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
১২. জনাব খায়রুল আনাম শাকিল, বিশিষ্ট সংগীত শিল্পী; ও
১৩. মিজ্ পূরবী মতিন, কনসালট্যান্ট, এটুআই।

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৩. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৪. যুগ্মসচিব, বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ; ও
০৫. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৬/১০/১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর :৩এম/৪৬-সম/২০০৯/১৫৫৬

তারিখ : ০৮ কার্তিক ১৪২৬ / ২৪ অক্টোবর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০২। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক (সকল)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৪। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৫। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☎৯৫৬১২৫৪।
e-mail: addshesecondary১@gmail.com